বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি সিস্টেমস্,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

ফোনঃ ৯৫৭৬৬৫৩
৯৫৬০০২১ বর্ধিত-৩৩৫
E-mail:dgmictsystem@krishibank.org.bd
Web : www.krishibank.org.bd

প্রকা/আইসিটি সিস্টেমস-৭(৬০)/২০১৭-২০১৮/ ৮৮১ তারিখঃ ১৫-০২-২০১৮ খ্রীঃ

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক,
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,
ঢাকা/নারায়ণগঞ্জ/ কিশোরগঞ্জ/ জামালপুর/ চট্টগ্রাম/ বাগেরহাট/ বরিশাল/ কক্সবাজার/
সুনামগঞ্জ/ কুষ্টিয়া/ শেরপুর/ নরসিংদী/ টাঙ্গাইল (উত্তর)/ টাঙ্গাইল (দক্ষিণ)/ মানিকগঞ্জ/ ময়মনসিংহ/
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়,
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ শাখা সমূহকে অনলাইন ব্যাংকিং কার্যক্রমের আওতায় আনয়ন নিশ্চিত করার লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ এবং নিবিড় তদারকী জোড়ালো করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে,

২। অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকে প্রেরিত কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৮ সালের মধ্যে অত্র ব্যাংকের ৩৮১টি শাখাকে অনলাইন কার্যক্রমে অন্তর্ভুক্তির সময় নির্ধারণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে এ পর্যন্ত ২৯০ (দুইশত নব্বই) টি শাখাকে অনলাইন কার্যক্রমে যুক্ত করা হয়েছে। এছাড়া অবশিষ্ট ৯১(একানব্বই) টি শাখাকে উল্লেখিত সময়ে অনলাইন ব্যাংকিং ব্যবস্থায় যুক্ত করার বাধ্যবাধকতা রয়েছে।
৩। শাখাকে অনলাইনে আনয়নের ক্ষেত্রে ডাটা এন্ট্রি, লাইভ অপারেশন (LAN Based/ Offline), ডাটা মাইগ্রেশন ইত্যাদি প্রক্রিয়া পর্যায়ক্রমে সম্পন্ন করতে হয়। উক্ত প্রক্রিয়ায় কোন একটি ধাপে ব্যাঘাত সৃষ্টি হলে পরবর্তী প্রক্রিয়াগুলো বাধাগ্রস্থ হয়। ফলশ্রুতিতে শাখার অনলাইন কার্যক্রম বাধাগ্রস্থ হয়ে পড়ে। বারবার তাগাদা দেয়া সত্ত্বেও আপনাদের নিবিড় তদারকির অভাবে অনলাইন কার্যক্রমে সফলতা আসেনি বলে প্রতীয়মান হচ্ছে।
৪। ব্যাংকের ২১টি শাখার অনলাইন কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের একটি তথ্যচিত্র নিম্নে উপস্থাপন করা হলোঃ

| ক্রঃ নং | শাখার নাম | মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | লাইভ অপারেশন কার্যক্রম শুরু করার জন্য নির্ধারিত তারিখ(অদ্যাবধি ডাটা এন্ট্রি কার্যক্রমে আছে) | লাইভ অপারেশনে নেয়ার তারিখ(লাইভ অপারেশনে আছে কিন্তু বুকস অব একাউন্টসে গরমিল বিদ্যমান) | অনলাইনে আনয়নের জন্য আইসিটি ডিভিশন কর্তৃক প্রেরিত পত্রের তারিখ | ডাটা কানেকটিভিটি দেয়ার তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | হযরতপুর | ঢাকা | | ১৭/০৪/২০১৭ | ১৮/০১/২০১৮ | - |
| ০২ | ইছাপুরা বাজার | নারায়ণগঞ্জ | | ২৬/০৯/২০১৭ | ১৮/০১/২০১৮ | - |
| ০৩ | পাকুন্দিয়া | কিশোরগঞ্জ | | ২৮/০৩/২০১৭ | ১৮/০১/২০১৮ | - |
| ০৪ | দেওয়ানগঞ্জ | জামালপুর | | ০১/০৬/২০১৭ | ১৮/০১/২০১৮ | ২৯/০১/২০১৭ |
| ০৫ | ওয়াহেদপুর | চট্টগ্রাম | | ২৯/০৮/২০১৭ | ২৯/০৮/২০১৭ | ০৬/০৬/২০১৬ |
| ০৬ | মোড়লগঞ্জ | বাগেরহাট | | ০১/০৬/২০১৭ | | ২৬/০৪/২০১৬ |
| ০৭ | ইসলামপুর | জামালপুর | | ৩১/০৭/২০১৭ | | ২৯/০১/২০১৭ |
| ০৮ | বানারীপাড়া | বরিশাল | | | | ২১/০৮/২০১৭ |
| ০৯ | টেকনাফ | কক্সবাজার | | ২২/১২/২০১৬ | | - |
| ১০ | বিশম্ভরপুর | সুনামগঞ্জ | | ০৩/০৮/২০১৭ | | - |
| ১১ | দৌলতপুর | কুষ্টিয়া | | ১৬/০৫/২০১৭ | | - |
| ১২ | ঝিনাইগাতি | শেরপুর | | ১৯/১২/২০১৬ | | - |
| ১৩ | আড়াইহাজার | নারায়ণগঞ্জ | ০৫/০৪/২০১৬ | | | ২৯/০১/২০১৭ |
| ১৪ | বাবুরহাট | নরসিংদী | ১৬/০৮/২০১৬ | | | ২৯/০১/২০১৭ |
| ১৫ | ঘাটাইল | টাঙ্গাইল (উত্তর) | ১৬/০৮/২০১৬ | | | ২৯/০১/২০১৭ |
| ১৬ | করোটিয়া | টাঙ্গাইল (দক্ষিণ) | ১৬/০৮/২০১৬ | | | ২৯/০১/২০১৭ |
| ১৭ | রাঙ্গুনিয়া | চট্টগ্রাম | ১৬/০৮/২০১৬ | | | ২৯/০১/২০১৭ |
| ১৮ | দেলদুয়ার | টাঙ্গাইল (দক্ষিণ) | ১৬/০৮/২০১৬ | | | - |
| ১৯ | সাটুরিয়া | মানিকগঞ্জ | ০৫/০৪/২০১৬ | | | - |
| ২০ | ফুলবাড়িয়া | ময়মনসিংহ(দক্ষিণ) | ১৬/০৮/২০১৬ | | | ২৯/০১/২০১৭ |
| ২১ | গফরগাঁও | ময়মনসিংহ(দক্ষিণ) | ১৬/০৮/২০১৬ | | | ২৯/০১/২০১৭ |

৫। প্রসঙ্গত, শাখাসমূহকে অনলাইনে আনয়নের পূর্বে লাইভ অপারেশনে (LAN Based/ Offline) উন্নীত করার লক্ষ্যে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক নিবিড়ভাবে পর্যবেক্ষণের বাধ্যবাধকতা রয়েছে (ঋণ আদায় (আইটি) পরিপত্র নং- ২, নথি পৃষ্ঠা-১৪৯-১৫০; অনুচ্ছেদ ৩- প্যারা ১০, অনুচ্ছেদ ৫- প্যারা ২,৩)। পাশাপাশি লাইভে আনয়নের সময় শাখার বুকস অব একাউন্টসে গরমিল প্রত্যক্ষ হলে তা ৩ মাসের মধ্যে সমন্বয় করার দায়িত্ব সংশ্লিষ্ট মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তার উপর অর্পণ করা হয়েছে (ঋণ আদায় (আইটি) পরিপত্র নং- ২, নথি পৃষ্ঠা-১৪৯-১৫০; অনুচ্ছেদ ৩- প্যারা ১০, অনুচ্ছেদ ৫- প্যারা ২,৩)। কিন্তু সংশ্লিষ্ট মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের অনীহা এবং এতদবিষয়ে গুরুত্ব না দেয়ায় উপরোল্লেখিত ২১টি শাখাকে দীর্ঘদিন যাবৎ অনলাইন কার্যক্রমে অর্ন্তভূক্ত করা সম্ভব হয়নি বিধায় মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক এর সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২০১৮ সালের মধ্যে ৩৮১টি শাখাকে অনলাইনে অর্ন্তভূক্তির কার্যক্রম থেকে অত্র ব্যাংকে পিছিয়ে পড়েছে। ফলে মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাংকের নিকট ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। এছাড়া যে সমস্ত শাখায় নেটওয়ার্ক কানেকটিভিটি দেওয়া হয়েছে সে সকল শাখার কানেকটিভিটি চার্জ বাবদ প্রতি মাসে ভেন্ডর প্রতিষ্ঠানকে বিল প্রদান করায় অত্র ব্যাংকে আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে। তাই ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বর্ণিত শাখাগুলোর অনলাইন কার্যক্রম বাস্তবায়ন না হওয়ায় চরম অসন্তোষ প্রকাশ করেছেন।

৬। এমতাবস্থায়, উক্ত শাখাসমূহের অনলাইন কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেনঃ

ক. লাইভে চলমান সকল শাখার (ক্রঃ নংঃ- ১-১২) বুকস অব একাউন্টস এর সকল প্রকার গরমিল ১৫-০৩-২০১৮ তারিখের মধ্যে দূরীকরণ/ নিষ্পন্ন করতে হবে;

খ. ২৯-০৩-২০১৮ তারিখের মধ্যে লাইভে চলমান ১২(বার) টি শাখাকে (ক্রঃ নংঃ- ১-১২) অনলাইনে আনতে হবে;

গ. ম্যানুয়ালি চলমান ৯ (নয়) টি শাখাকে (ক্রঃ নংঃ- ১৩-২১) ডাটা এন্ট্রি ও বুকস অব একাউন্টস যথাযথভাবে সমীকরণ করে ২৯-০৩-২০১৮ ইং তারিখের মধ্যে লাইভে আনতে হবে এবং ১২-০৪-২০১৮ ইং তারিখের মধ্যে অনলাইন করতে হবে;

ঘ. শাখাগুলিকে অনলাইনে আনয়নের লক্ষ্যে শাখার সকল কার্যক্রম সংশ্লিষ্ট মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তার তদারকিকরণ নিশ্চিত করতে হবে ।

৭। উপরে বর্ণিত নির্দেশনানুযায়ী শাখাগুলোকে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করে অনলাইন কার্যক্রমের আওতায় আনয়নে ব্যর্থ হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তার উপর বর্তাবে।

৮। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

স্বাক্ষরিত/-
(এ. আর. মামুন)
মহাব্যবস্থাপক
আইসিটি মহাবিভাগ

<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ ঃ</u>

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (আইসিটি) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,বিভাগীয় কার্যালয়, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল।
৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল, বিকেবি।
৬।শাখা ব্যবস্থাপক বিকেবি, হযরতপুর শাখা, ইছাপুরা বাজার শাখা, পাকুন্দিয়া শাখা, দেওয়ানগঞ্জ শাখা, ওয়াহেদপুর শাখা, মোড়লগঞ্জ শাখা, ইসলামপুর শাখা, বানারীপাড়া শাখা, টেকনাফ শাখা, বিশম্ভরপুর শাখা, দৌলতপুর শাখা, ঝিনাইগাতি শাখা, আড়াইহাজার শাখা, বারুরহাট শাখা, ঘাটাইল শাখা, করোটিয়া শাখা, রাসুনিয়া শাখা, দেলদুয়ার শাখা, সাটুরিয়া শাখা, ফুলবাড়িয়া শাখা, গফরগাঁও শাখা।
৭। নথি।

Rashid 28.2.2018
(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক